# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

নি'য়ামতের পরিবর্তে আযাব নেমে আসে

৩১. গুনাহ্'র কারণে আল্লাহ্ তা'আলার নি'য়ামতের পরিবর্তে আযাব নেমে আসে। কারণ, একমাত্র গুনাহ্'র কারণেই দুনিয়া থেকে আল্লাহ্ তা'আলার নি'য়ামত উঠে যায় এবং সমূহ বিপদ নেমে আসে।

'আলী (রাঃ) ইরশাদ করেন:

مَا نَزَلَ بَلَاءٌ إِلاَّ بِذَنْبٍ، وَلَا رُفِعَ إِلاَّ بِتَوْبَةٍ.

"গুনাহ্'র কারণেই সমূহ বিপদ নেমে আসে এবং তাওবা'র কারণেই তা উঠিয়ে নেয়া হয়"।

আল্লাহ্ তা'আলা বলেন:

«وَمَآ أَصَابَكُمْ مِّنْ مُّصِيْبَةٍ فَبِمَا كَسَبَتْ أَيْدِيْكُمْ وَيَعْفُوْا عَنْ كَثِيْرٍ»

"তোমাদের যে বিপদাপদ ঘটে তা তো তোমাদেরই কৃতকর্মের ফল এবং তোমাদের অনেক অপরাধ তো আল্লাহ্ তা'আলা এমনিতেই ক্ষমা করে দেন"। (শুরা' : ৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6604

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন